মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/৪২০ তারিখ ঃ ২১/০৩/২০২৪ খ্রি.

## ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| ০১ | সভার সভাপতি | ঃ জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বহী কর্মকর্তা,মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২ | সভার নাম | ঃ ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির সভা। |
| ০৩ | সভার তারিখ | ঃ ২১/০৩/২০২৪ইং। |
| ০৪ | সভার বার | ঃ বৃহস্পতিবার |
| ০৫ | সভার সময় | ঃ সকাল ১০.৩০ ঘটিকা। |
| ০৬ | সভার স্থান | ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ। |

### সভার উপস্থিতি (পরিশিষ্ট-ক)

মানিকগঞ্জ পৌরসভার ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং পবিত্র মাহে রমজানের খোশ আমদেদ জানান। সভার সভাপতি সভার সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলামকে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুরোধ করেন।

### আলোচ্য সূচি ০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও স্থিরিকরণ ঃ-

**আলোচনা ঃ** সভায় অত্র কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির বিগত ০৩/১২/২০২৩ খ্রি. তারিখের সভার কার্য বিবরণী সকলের উদ্দেশে পাঠ করে শোনান। সহায়ক কর্মকর্তা কর্তৃক পঠিত কার্য বিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ-** বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন রুপ সংশোধন, পরিবর্তন, পরিমার্জন না থাকায় বিগত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

### আলোচ্য সূচি ০২। IUGIP প্রকল্পের জন্য নিয়োগকৃত কর্মকর্তা কর্মচারীদের বসার স্থান নির্ধারণ ও বিভিন্ন আসবাবপত্র প্রদান ঃ

**আলোচনা ঃ** সভায় অত্র কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম জানান যে, IUGIP প্রকল্পের বিভিন্ন উন্নয়ন মুলক কাজ বাস্তবায়নের জন্য ইতোমধ্যে এলজিইডি অফিস হতে ১ জন মিউনিসিপাল প্রকৌশলী , ১ জন সহকারী প্রকৌশলী ১ জন উপ-সহকারী প্রকৌশলী ১ জন কম্পিউটার অপারেটর ও ২ জন CDA পদে নিয়োগ



২১/৩/২৪

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

পূর্বক অত্র পৌরসভায় প্রেরণ করেছেন। তাদের কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে তাদের বসার কক্ষ নির্ধারণ, প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় সহ কম্পিউটার অপারেটরের জন্য জরুরী ভিত্তিতে ১টি কম্পিউটার ক্রয় আবশ্যক। তাদের বসার জন্য অত্র পৌরসভার শহর পরিকল্পনাবিদ বর্তমানে অনুপস্থিত থাকায় তার কক্ষে সহকারী প্রকৌশলী, কম্পিউটার অপারেটর ও CDA দ্বয়কে বসার ব্যবস্থা করা যেতে পারে এবং উপ-সহকারী প্রকৌশলী ও কার্য সহকারীকে অত্র পৌরসভার উপ-সহকারী প্রকৌশলীদের কক্ষে বসার ব্যবস্থাসহ মিউনিসিপাল ইঞ্জিনিয়ারকে প্রধান নির্বাহী কর্মকর্তার কক্ষে বসার ব্যবস্থা করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে এলজিইডি প্রকল্প হতে প্রেরিত কর্মকর্তা কর্মচারীদের জন্য বসার স্থান নির্বাচনের এবং প্রয়োজনীয় আসবাব পত্র সহ ০১(এক)টি কম্পিউটার ক্রয়ের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

**আলোচ্য সূচি ০৩ ঃ IUGIP প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী রিপোর্ট প্রেরণ প্রসঙ্গে ঃ-**

**আলোচনা ঃ** সভার সভাপতি পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, IUGIP প্রকল্পের UGIAP বাস্তবায়নের জন্য ৯ টি ক্রাইটেরিয়ায় ত্রৈমাসিক রিপোর্ট প্রদান করতে হয়। উক্ত ক্রাইটেরিয়ার মধ্যে বেশির ভাগ ক্রাইটেরিয়া পুরন করা হয়েছে। বাদবাকি ক্রাইটেরিয়া সমূহ পুরণ করা জরুরী। যে সকল শাখা উল্লেখিত ক্রাইটেরিয়া পুরন করতে এখনও সক্ষম হন নাই তাদেরকে জরুরী ভিত্তিতে প্রকল্পের নির্দেশনা অনুযায়ী কর্ম পরিকল্পনা তৈরী পুর্বক সফট কপি/সিডি/পেন ড্রাইপের মাধ্যমে অথবা ই-মেলের মাধ্যমে প্রকল্প অফিসে প্রেরণের জন্য বলা হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে যে সকল ক্রাইটেরিয়া এখনো পুরণ করা সম্ভব হয়নী সে সকল ক্রাইটেরিয়া জরুরী ভিত্তিতে পুরণ পুর্বক প্রকল্প অফিসে প্রেরণ প্রয়োজন । এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে যে সমস্ত ক্রাইটেরিয়া এখনও পুরন করা হয়নি । সে সমস্ত ক্রাইটেরিয়ার কর্ম পরিকল্পনা তৈরী পুর্বক প্রেরন সহ বাস্তবায়নের সুপারিশ গৃহিত হলো।

**আলোচ্য সূচি ০৪ঃ মানিকগঞ্জ পৌরসভা সকল প্রকার সেবা ডিজিটাল ও অনলাইন সিস্টেম চালু করণ ঃ-**

**আলোচনা ঃ** সভায় অত্র কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম জানান যে, মানিকগঞ্জ পৌরসভার কর আদায়, ট্রেড লাইসেন্স, বাজার আদায়,পানির বিল ,হিসাব শাখার সেবা কম্পিউটার সফটওয়ারের মাধ্যমে প্রদান করা হয় কিন্তু এখনো অনলাইনের মাধ্যমে আধুনিক ডিজিটাল করা সম্ভব হয়নি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে প্রকল্পের নির্দেশনা অনুযায়ী পৌরসভার সকল প্রকার সেবা অনলাইনের মাধ্যমে ডিজিটালাইজড করার সুপারিশ গৃহিত হলো এবং পৌরসভার সকল সেবা পৌরসভার নিজস্ব ওয়েব সাইডে প্রকাশের জন্য সুপারিশ করা হলো।

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষার আহবান জানান এবং ঈদ-উল-ফিতরের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৩/২৪

(মোঃ বজলুর রহমান) মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ও
সভাপতি
ক্যাপাসিটি ডেভেলপমেন্ট কমিটি (CDU)

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/৪২০

তারিখ ঃ ২১/০৩/২০২৪ খ্রি.

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

০১। মেয়র,মানিকগঞ্জ পৌরসভা।
০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৩। জনাব ..................................... সদস্য, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট কমিটি (CDU), মানিকগঞ্জ পৌরসভা।

২৭/৩/২৪

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ও মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
সভাপতি
ক্যাপাসিটি ডেভেলপমেন্ট কমিটি (CDU)